

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।  
www.caab.gov.bd

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৪৯.০১৮.১৫.৯৯

তারিখ: ১১ কার্তিক ১৪২৬


২৭ অক্টোবর ২০১৯

বিষয়: অভিযোগনামা সিএএবি'র ওয়েবসাইট ও ২টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ প্রসঙ্গে।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় কর্মরত জনাব মোঃ ফজলুল করিম চৌধুরী, পিতা-মাহবুবুল হক চৌধুরী, নিরাপত্তা অপারেটরের বিভাগীয় মামলার অভিযোগনামাটি সিএএবি'র ওয়েবসাইট ও ২টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় (১টি বাংলা ও ১টি ইংরেজী) প্রকাশ ও প্রচারের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২। বর্ণিত অভিযোগনামাটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের পর ২(দুই) কপি পেপার কাটিং এ শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এতে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তি: অভিযোগবিবরণী



২৭-১০-২০১৯

মোহাম্মদ আবিদুল ইসলাম  
সহকারী পরিচালক (প্রশাসন-১)

পাবলিক রিলেশন অফিসার  
চেয়ারম্যানের দপ্তর  
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৪৯.০১৮.১৫.৯৯/১(৩)

তারিখ: ১১ কার্তিক ১৪২৬

২৭ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (যোগাযোগ), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ২) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৩) ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রশাসন) এর দপ্তর, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ



২৭-১০-২০১৯

মোহাম্মদ আবিদুল ইসলাম  
সহকারী পরিচালক (প্রশাসন-১)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

নথি নং-৩০.৩১.০০০০.২২১.৪৯.০১৮.১৫/ ৩০৫

তারিখঃ ৩০-০৯-২০১৯

অভিযোগনামা

বিষয়ঃ ‘পলায়ন’ এর অভিযোগে জনাব মোঃ ফজলুল করিম চৌধুরী, পিতা-মাহবুবুল হক চৌধুরী, নিরাপত্তা অপারেটর -এর বিরুদ্ধে ১৯৮৮ সনের বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালার ৩৯ (গ) এর আওতায় বিভাগীয় মামলা দায়ের।

যেহেতু, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকায় কর্মরত আপনি জনাব মোঃ ফজলুল করিম চৌধুরী, পিতা-মাহবুবুল হক চৌধুরী, নিরাপত্তা অপারেটর অসুস্থতার কারণে গত ০১/০৭/২০১৮খ্রি: তারিখ হতে ০৬(ছয়) মাসের বিশ্রামে থাকার একখানা অবগতি পত্র দাখিল করে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। উল্লেখ্য, আপনি অবগতি পত্রের সাথে সীলবিহীন ও ঠিকানাবিহীন যে ডাক্তারী সনদপত্র দাখিল করেছেন, তার মধ্যে চিকিৎসকের কোন ফোন নম্বর এবং ঠিকানা লেখা নেই বিষয় আপনাকে চিকিৎসকের ঠিকানা সম্বলিত সীলসহ প্রেসক্রিপশন ও ফোন নম্বর দাখিলের জন্য পরিচালকের দপ্তর, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর হতে পত্র প্রদান করা হলেও আপনি উক্ত পত্রের জবাব দাখিল করেননি। আপনার এহেন কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর পরিপন্থী বিষয় বর্ণিত অভিযোগে কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে কৈফিয়ত তলবের লিখিত জবাব পত্র জারীর তারিখ হতে ১০(দশ) কর্মদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য পত্র দেয়া হয়। নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পরও কৈফিয়ত তলবের জবাব না পাওয়ায় পরবর্তীতে অভিযোগের বিষয়টি তদন্ত করার জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে আপনার বিরুদ্ধে ‘পলায়ন’ এর অভিযোগ প্রাথমিকভাবে প্রমানিত হয়েছে ; এবং

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর প্রবিধি ৩৯ (গ) মোতাবেক ‘পলায়ন’ এর অপরাধ;

সেহেতু, আপনার বিরুদ্ধে ১৯৮৮ সনের বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারি চাকুরি প্রবিধানমালার ৩৯ এর (গ) প্রবিধি মোতাবেক ‘পলায়ন’ এর অভিযোগ আনয়ন করা হল।

বর্ণিত অভিযোগের দরুণ কেন আপনাকে উক্ত প্রবিধানমালার ৪০(১)(খ)(ক) প্রবিধি মোতাবেক চাকুরি হতে ‘বরখাস্ত’ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। ব্যক্তিগত শুনানি চান কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালার ৪৩(১)(ক) প্রবিধি মোতাবেক অভিযোগ বিররগীর এক কপি এতদসঙ্গে সংযুক্ত করা হল।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক-০১(এক) ফর্দ।

জারীকৃত

(মোঃ হাফিজুর রহমান)

সদস্য (প্রশাসন)

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

প্রাপকঃ

জনাব মোঃ ফজলুল করিম চৌধুরী, পিতা-মাহবুবুল হক চৌধুরী  
নিরাপত্তা অপারেটর, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

স্থায়ী ঠিকানা: গ্রাম-গজারিয়া, পো:-শাহেরখালী, থানা-মীরেশ্বরাই, চট্টগ্রাম।

বর্তমান ঠিকানা: বাসা নং-৪৪০, জয়নাল কমপ্লেক্স, রোড নং-৫, সেক্টর-৬, উত্তরা, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। সদস্য (নিরাপত্তা), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ০২। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ০৪। সহকারি পরিচালক (প্রশাসন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৫। সহকারি পরিচালক (হিসাব), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। /Office Letter(Suspension

চিকিৎসক  
২২/৯/১৯